নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ
The Daily Janakantha
২০ অক্টোবর ২০১৯

# এমপি বুবলীর সব পরীক্ষাসহ রেজিস্ট্রেশন বাতিল, স্থায়ী বহিষ্কার



স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ নরসিংদী সংরক্ষিত মহিলা আসনের এমপি ও প্রয়াত পৌর মেয়র লোকমান হোসেনের স্ত্রী তামান্না নুসরাত বুবলীর বিএ'র সকল পরীক্ষা ও রেজিস্ট্রেশন বাতিল করেছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)। এছাড়াও তাকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। ঘটনা তদন্তের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বাউবির অধীনে অনুষ্ঠিত বিএ পরীক্ষায় জালিয়াতির আশ্রয় নেয়ার অভিযোগে তার বিরুদ্ধে শাস্তিমূলক এ ব্যবস্থা নেয়া হয়েছে। রবিবার সকালে বিশ^বিদ্যালয়ের এক জরুরী সভায় ওই সিদ্ধান্ত নেয়া হয় বলে জানিয়েছেন বাউবির ভিসি অধ্যাপক ড. এমএ মাননান।

ভিসি অধ্যাপক ড. এমএ মাননান বলেন, বাউবির অধীনে সদ্য অনুষ্ঠিত বিএ পরীক্ষার পরীক্ষার্থী ছিলেন তামান্না নুসরাত বুবলী। তিনি পরিকল্পিতভাবে নরসিংদী সরকারী কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষা নিজে না দিয়ে পরপর ৮টি পরীক্ষায় তার পক্ষে প্রক্সি পরীক্ষার্থীরা অংশ নেয়। এসব পরীক্ষার্থীরা প্রবেশপত্রের পরিবর্তে প্রবেশপত্র হারানোর কথা বলে থানায় জিডির (সাধারণ ডায়েরি) কপি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে। তবে বুবলীর পক্ষে শেষ দিনের পরীক্ষা দিতে গিয়ে পরীক্ষা হলে হাতেনাতে ধরা পড়েন প্রক্সি পরীক্ষার্থী এক শিক্ষার্থী। ঘটনাটি ধরা পড়া এবং এ নিয়ে সংবাদমাধ্যমে প্রতিবেদন প্রকাশের পর প্রাথমিক তদন্ত শেষে পরীক্ষা থেকে তাকে বহিষ্কার করেছে কেন্দ্র কর্তৃপক্ষ। একই সঙ্গে জালিয়াতির বিষয়টি আরও তদন্তের জন্য কলেজের পক্ষ থেকে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

Experience PUBGM on P
বিজ্ঞাপন Flexible control with mc
& keyboard
GameLoop
Download

ভিসি বলেন, গণমাধ্যমে ও নরসিংদী জেলা প্রশাসনের এক চিঠির ভিত্তিতে বিষয়টি অবগত হওয়ার পর রবিবার বুবলীর বিষয়ে বিশ^বিদ্যালয়ে জরুরী সভা ডাকা হয়। এ সভায় বুবলীর সকল বিষয়ের পরীক্ষা ও রেজিস্ট্রেশন বাতিল এবং তাকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়। এছাড়াও ঘটনা তদন্তের জন্য বিশ^বিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান বিভাগের ডীন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলমকে প্রধান করে বাউবির পক্ষ থেকে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটির অন্য সদস্যরা হলেন বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আসাদুজ্জামান উকিল, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস ডিভিশনের পরিচালক ড. আনিস রহমান ও ঢাকা আঞ্চলিক কেন্দ্রের পরিচালক আহমেদ সেলিম। তদন্ত কমিটিকে তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য তিনদিন সময় দেয়া হয়েছে। সভায় আরও জানানো হয়, এ ব্যাপারে বুবলীকে কারণ দর্শানোর নোটিস দেয়া হবে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর

বিষয়টি বিশ^বিদ্যালয়ের শৃঙ্খলা কমিটিতে তোলা হবে এবং পরে তা বোর্ড অব গভর্নেসে নিয়ে যাওয়া হবে। পরে তার (বুবলী) বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা নেয়া হবে। সভায় আরও জানানো হয়েছে, বুবলী বাউবির কোন প্রোগ্রামে আর ভর্তি হতে পারবেন না। যারা প্রক্সি পরীক্ষা দিয়েছে তাদের পরিচয় প্রাপ্তি সাপেক্ষে আইনশৃঙ্খলা বাহিনীকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে। এ ধরনের কর্ম একটি ঘৃণিত কাজ। বুবলীর এ ধরনের কাজ বিশ্ববিদ্যালয়ের সুনাম নষ্ট করেছে। এ ধরনের কাজ দেশের শিক্ষা ব্যবস্থার ওপর এক ধরনের ক্ষতিকর আঘাত বলে মনে করি। রবিবারের এ জরুরী সভায় বিশ^বিদ্যালয়ের বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রের ডিন, পরিচালক ও পরীক্ষা নিয়ন্ত্রকগণ উপস্থিত ছিলেন।

Experience PUBGM on P
বিজ্ঞাপন Flexible control with mo
& keyboard
GameLoop
Download

ভিসি আরও বলেন, নরসিংদী সরকারী কলেজের অধ্যক্ষ ওই পরীক্ষার সমন্বয়ক। পরীক্ষা চলাকালে তিনি কখনও কেন্দ্রে যাননি। অথচ পরীক্ষা চলাকালে তার প্রতিদিনই কেন্দ্রে উপস্থিত থাকার কথা। কলেজের পক্ষ থেকে পরীক্ষা গ্রহণের ব্যাপারে যথাযথ দায়িত্ব পালন করা হয়নি। পরীক্ষার্থীদের প্রবেশপত্র ছাড়া পরীক্ষা গ্রহণের কোন নিয়ম এ বিশ^বিদ্যালয়ের নেই। তবে কারও পরীক্ষার প্রবেশপত্র হারিয়ে গেলে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জানালে তাকে ডুপ্লিকেট প্রবেশপত্র সরবরাহ করা হয়। কিন্তু থানায় জিডির কপি দিয়ে এভাবে পরীক্ষা নেয়া ঠিক হয়নি। এক্ষেত্রে হয়তো ওই কলেজ অধ্যক্ষের দুর্বলতা রয়েছে।

প্রক্সি পরীক্ষার্থীরা প্রবেশপত্র ছাড়া বুবলীর পক্ষে ৭/৮টি পরীক্ষা দিয়েছে এটি কোনভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে রাজনীতি যদি স্থানীয়ভাবে নিয়ন্ত্রণ করা না হয়, তাহলে কোন শিক্ষাপ্রতিষ্ঠান ভবিষ্যতে টিকবে না। সেখানে পরীক্ষা নিয়ন্ত্রণও করা সম্ভব হবে না। ২০১১ সালের ১ নবেম্বর নরসিংদী জেলা আওয়ামী লীগ কার্যালয়ে হামলাকারীর গুলিতে নিহত হন পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লোকমান হোসেন। তামান্না নুসরাত বুবলী নিহত মেয়র লোকমান হোসেনের স্ত্রী। একাদশ জাতীয় নির্বাচনের আগে জমা দেয়া হলফনামা অনুযায়ী মহিলা সংরক্ষিত সংসদ সদস্য বুবলী এইচএসসি পাস।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
**ই-মেইল:** janakanthanews@gmail.com
**ই-জনকন্ঠ:** www.edailyjanakantha.com

Copyright ® All rights reserved by dailyjanakantha.com